

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.২২৬

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: অতিবাস জরিমানা মওকুফ এবং 'Exit Visa' প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং-৪৪.০১.০০০০.২০১.৮৯.০১০.২৫/২১৯, তারিখ: ১০.০৩.২০২৬
(২) Ahmed Ali Mirghani Ali এর আবেদন, তারিখ: ০২.১২.২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়াছবি এ সাথে সংযুক্ত করা হলো। সংযুক্ত পত্রে বর্ণিত Sudanese নাগরিক Ahmed Ali Mirghani Ali (PP NO-P11731156) গত ১৯/০৪/২০২৪ খ্রি. তারিখে 'VOA' শ্রেণির ভিসা নিয়ে বাংলাদেশে আগমন করেন এবং তার ভিসার মেয়াদ ১৮/০৫/২০২৪ খ্রি. তারিখে শেষ হয়। আবেদনকারী ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে ভিসার মেয়াদ বৃদ্ধির জন্য কোন আবেদন করেননি। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দাখিলকৃত তার স্বব্যাখ্যায়িত আবেদন হতে জানা যায়, আবেদনকারীর নিজ দেশ সুদানে গৃহযুদ্ধ চলমান এবং জীবননাশের আশংকা থাকায় ভিসার মেয়াদ অতিক্রান্তের পরও দেশ ত্যাগ করতে পারেন নি। ভিসার মেয়াদ অতিক্রান্ত হওয়ার পরও মেয়াদ বৃদ্ধি কিংবা দেশ ত্যাগ না করে অবৈধ অবস্থান করেন। বর্তমানে অতিবাস জরিমানা মওকুফের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০২-১২-২০২৫ খ্রি: তারিখে আবেদন করেন।

০২। উল্লেখ্য, অবৈধ অবস্থান সম্পর্কিত পরিপত্রের "৩" এর 'খ' অনুসারে অন্যান্য কারণ: অন্য কোন যুক্তিসংগত কারণে অবস্থান অবৈধ হয়ে থাকলে তার সুস্পষ্ট যুক্তিসংগত কারণ এবং বিস্তারিত ব্যাখ্যাসহ প্রদেয় জরিমানা মওকুফের আবেদন উক্ত অধিদপ্তর উপযুক্ত সুপারিশসহ সরকারের বিবেচনার জন্য প্রেরণ করতে পারবে" মর্মে উল্লেখ আছে। এ ক্ষেত্রে Sudanese নাগরিক Ahmed Ali Mirghani Ali (PP NO- P11731156) আবেদনকারী গৃহযুদ্ধ এবং জীবননাশের আশংকা থাকায় সময়মতো নিজ দেশে প্রত্যাবর্তন করতে পারেননি।

০৩। এমতাবস্থায়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিবেদন ও প্রার্থীর আবেদন ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বর্তমান পরিপত্রের স্মারক নং-৩৩৪, তারিখ: ০৪.১২.২০২৪ এর ৩ (খ) অনুসারে যেহেতু Sudanese নাগরিক Ahmed Ali Mirghani Ali (PP NO- P11731156) গৃহযুদ্ধের কারণে সময়মতো নিজ দেশে প্রত্যাবর্তন করতে পারেন নি তাই যুক্তিসংগত কারণ থাকায় তার অনুকূলে অতিবাস জরিমানা মওকুফ এবং প্রযোজ্য ভিসা ফি আদায়পূর্বক 'Exit Visa' প্রদানের বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতো।

০৭-০৪-২০২৬

কাজী আরিফুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : immigrationbr2@moha.gov.bd

মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.২২৬/১ (২)

২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং
- ২। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



A handwritten signature in black ink, appearing to be 'Arifur Rahman'.

০৭-০৪-২০২৬
কাজী আরিফুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)